

© Beate Frenzel, Gülşah Mavruk (2018)

## নতুন আসা অভিবাসী ছাত্রছাত্রীদের প্রাথমিক সাক্ষাৎকারের জন্য ইন্টারভিউ গাইডলাইন

প্রশ্নমালার ব্যখ্যা

(Bengali – Übersetzung durch externen Anbieter)

বর্তমান প্রশ্নমালা এর উদ্দেশ্য হল একটি আলাপ-আলোচনা নির্দেশিকা প্রস্তুত এবং শিক্ষক , যারা নতুন আসা অভিবাসী ছাত্রছাত্রী ও যুবাদের (জার্মানীর স্কুলে প্রবেশের আগে) অ্যাডমিশন সাক্ষাৎকার গ্রহণ করছেন তাঁদের জন্য তথ্যের আদানপ্রদানের সাধারণ কিছু তথ্য প্রদান।

এরকম অ্যাডমিশন সাক্ষাৎকারের ক্ষেত্রে, মনে রাখতে হবে যে, তা শুধুমাত্র প্রথম ওরিয়েন্টেশন বা লার্নিং গ্রুপ অ্যাসাইনমেন্ট হিসাবে কাজ করবে এবং স্কুল অর্গানাইজেশনের ব্যপারে সকল স্বার্থসংশ্লিষ্ট প্রশ্ন তক্ষুনি স্পষ্ট করতে হবে। যে সব প্রশ্ন আগে উত্তর দেওয়ার প্রয়োজন হবে না তার মধ্যে রয়েছে পরিবার, উড়ান ও বসবাসের অবস্থা কারণ এগুলি মানুষকে অতীতের দিন সম্পর্কে মনে করিয়ে ভীত করে তুলতে পারে। এছাড়াও, সাবসিডি আওয়ারসের ক্ষেত্রে প্রাসঙ্গিক আর্থিক বিষয়সমূহ অথবা BuT ব্যবস্থাপনার জন্য আবেদন (শিক্ষায় অর্থের জোগান ও জব সেন্টারের অংশগ্রহনমূলক ব্যবস্থা) বিষয়ে আলোচনা হতে পারে যদি শিক্ষক, ছাত্রছাত্রী, পিতা-মাতা, অভিভাবক অথবা চাইল্ড কেয়ার সুপারভাইজাদের মধ্যে এমনকি স্কুল সোশ্যাল ওয়ার্কারদের মধ্যে আস্থার সম্পর্ক ইতোমধ্যেই প্রতিষ্ঠিত হয়েছে।

প্রশ্নমালার ব্যক্তি সেকশনে ছাত্র-ছাত্রীর (ভবিষ্যৎ) ভাষাগত দক্ষতা ও বয়স অনুযায়ী প্রশ্ন বাছাই করতে হবে। প্রতিটি প্রশ্ন প্রত্যেক ছাত্রছাত্রীর জন্ম অথবা যুবাদের জন্য উপযুক্ত হতে পারে না। সাক্ষাৎকার গ্রহনকারী শিক্ষকই কেবল এই বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবেন।

প্রশ্নমালা রিসোর্স ওরিয়েন্টেশনের মূল ভাবধারা অনুসরণ করবে। সেই মতো, ছাত্রছাত্রীদের সকল লিঙ্গুইস্টিক বা ভাষাগত রিসোর্স নথীবদ্ধ করতে হবে। সেকশন ৩ তে (যে দেশ থেকে ছাত্রছাত্রী আসছে সেখানকার ভাষার চলন)ডমেন-নির্দিষ্ট ভাষার ব্যবহারের বিষয়টি খতিয়ে দেখতে হবে। সকল সাব-স্কিল (বলা, পড়া, লেখা, শোনা) বিবেচ্য হবে।

প্রশ্নমালার সঙ্গেই, সকল বিদ্যালয় এবং বৃত্তিমূলক জ্ঞান ও নতুন আসা বিভিন্ন ভাষাভাষীর অভিবাসী ছেলেমেয়ে ও যুবাদের ভালো লাগা ও প্রতিভার বিষয়ে জিজ্ঞাসা করতে হবে। এর ফলে লার্নিং গ্রুপকে ভাষা দক্ষতার উপর শুধুমাত্র নির্ভর করতে হবে না অ্যাসাইনমেন্টের ক্ষেত্রে মোটিভেশন ও সম্ভাবনার দিকগুলিও উঠে আসবে।

উৎস দেশের যে কোন শংসাপত্র, কোলন জেলা কর্তৃপক্ষ পরীক্ষা করতে পারেন যাতে বেসিক স্কুল লিভিং সার্টিফিকেট থেকে ইন্টারমিডিয়েট স্কুল লিভিং সার্টিফিকেট পর্যন্ত খতিয়ে দেখা ও স্বীকৃতি দেওয়া যায়।

([http://www.bezreg-koeln.nrw.de/brk\\_internet/](http://www.bezreg-koeln.nrw.de/brk_internet/)

[leistungen/abteilung04/48/anererkennung/auslaendische\\_schulzeugnisse/index.html](http://www.bezreg-koeln.nrw.de/brk_internet/leistungen/abteilung04/48/anererkennung/auslaendische_schulzeugnisse/index.html))

এর বিপরীতে, ডুসেলডর্ফের জেলা কর্তৃপক্ষ জেনারেল ইউনিভার্সিটি এন্ট্রাস যোগ্যতা নির্ধারণের জন্য দায়ী থাকবেন।

([http://www.brd.nrw.de/schule/schulrecht\\_schulverwaltung/Zeugnisanerkennung.html](http://www.brd.nrw.de/schule/schulrecht_schulverwaltung/Zeugnisanerkennung.html))

আপনি নতুন আগত অভিবাসী ছাত্রছাত্রীদের শিক্ষাদানের জন্য নির্দিষ্ট সাহিত্য তালিকা থেকে টেক্সট বুক ও সহায়ক উপকরণ পেয়ে যেতে পারেন ProDaZ ওয়েবসাইটে <https://www.uni-due.de/prodaz/>.